গাংনীতে কৃষক লীগ নেতা লিখন গ্রেপ্তার

মেহেরপুর জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক সাবেক ভিপি ওয়াসিম সাজ্জাদ লিখনকে গ্রেপ্তার করেছে পুলিশ।
আজ ১৩ই এপ্রিল রবিবার সন্ধ্যায় গাংনী উপজেলার চিৎলা গ্রামের তার নিজ বাড়ি থেকে তাকে গ্রেপ্তার করা হয়।

ওয়াসিম সাজ্জাদ লিখন গাংনী উপজেলার চিতলা গ্রামের সাবেক চেয়ারম্যান প্রয়াত গোলাম সরওয়ারের ছেলে। ওয়াসিম সাজ্জাদ লিখন মেহেরপুর সরকারি কলেজের সাবেক ভিপি ও জিএস।
গাংনী থানা সুত্রে জানা গেছে, আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে পুলিশের চলমান বিশেষ অভিযানের অংশ হিসেবে গাংনী থানা পুলিশের একটি দল চিতলা গ্রামে অভিযান চালায়। অভিযানে ওয়াসিম সাজ্জাদ লিখনকে গ্রেফতার করে জিজ্ঞাসাবাদের জন্য গাংনী থানায় নেওয়া হয়।
বিষয়টি নিশ্চিত করে গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানি ইসরাইল জানান, ওয়াসিম সাজ্জাদ লিখনকে বিভিন্ন বিষয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। এলাকার স্বাভাবিক পরিস্থিতি অস্বাভাবিক করার লক্ষ্যে তার সম্পৃক্ততার অভিযোগ রয়েছে। একটি মামলার আসামি হিসেবে তাকে গ্রেফতার করা হয়েছে। সোমবার তাকে মেহেরপুর আদালতে সোপর্দ করা হবে।

কাথুলী ইউনিয়ন কৃষক লীগের উদ্যোগে উন্নয়নের ডিজিটাল প্রচারণ ও গ্রাম শান্তি সভা

কাথুলী ইউনিয়ন কৃষক লীগের উদ্যোগে উন্নয়নের ডিজিটাল প্রচারণ ও গ্রাম শান্তি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সন্ধ্যা ৭ সময় এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এ সময় বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়ন ১৫ মিনিটের ভিডিও চিত্রের মাধ্যমে তুলে ধরে অনুষ্ঠানের সূচনা হয়।